

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।  
www.tongibari.munshiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯৯৪.০০০.৩১.০০২.২৪- ৩৮


তারিখঃ ৩০ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি

বিষয়ঃ ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার প্রশ্নপত্র কেন্দ্রে পরিবহন এবং প্রশ্নপত্রের প্যাকেট খোলা প্রসঙ্গে

সূত্রঃ ০১। জেলা প্রশাসকের, মুন্সীগঞ্জ মহোদয়ের কার্যালয়ের শিক্ষা শাখার ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখের ০৫.৩০.৫৯০০.২১২.০২.০০৩.১৮- ৩৬ নং স্মারক।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১৫/০২/২০২৪ খ্রি. তারিখ হতে অনুষ্ঠেয় ২০২৪ সালের এসএসসি এবং এসএসসি(ভোকেশনাল) পরীক্ষায় প্রত্যেক কেন্দ্রের জন্য নিয়োগকৃত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট / অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা (টোপ অফিসার), ট্রেজারী / থানা হতে প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা (টোপ অফিসার) এর উপস্থিতি ব্যতীত প্রশ্ন বের করা বা বহন করা যাবেনা। এছাড়া এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট / অতিরিক্ত ভারপ্রাপ্ত (টোপ অফিসার) কেন্দ্র সচিব এর উপস্থিতিতে পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। পরীক্ষার প্রশ্নপত্র বহন এবং কেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট খোলার বিষয়ে কোন অনিয়ম/ বিশৃঙ্খলা হলে সে বিষয়ে সংশ্লিষ্ট এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট / অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা (টোপ অফিসার) ও কেন্দ্র সচিব সকল প্রকারের দায়দায়িত্ব বহন করবেন।


ক্র: নং	কেন্দ্রের নাম	ভেনু
১.	টংগিবাড়ী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, টংগিবাড়ী।	সোনারং সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, টংগিবাড়ী
২.	বালিগাঁও উচ্চ বিদ্যালয় টংগিবাড়ী, মুন্সীগঞ্জ	বালিগাঁও আমজাদ আলী মহাবিদ্যালয়, টংগিবাড়ী।
৩.	দিঘীরপাড় এসি ইন্সটিটিউশন, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	দিঘীরপাড় ২ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়, টংগিবাড়ী।

  
১৬.০২.২৪  
(মোঃ আসলাম হোসাইন)  
উপজেলা নির্বাহী অফিসার  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।  
☎ : ০২-৯৯৭৭৩৩৩০১

[unotongibari@mopa.gov.bd](mailto:unotongibari@mopa.gov.bd)

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থেঃ

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ।
৩. সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৩. উপজেলা  অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
৪. অফিসার ইন-চার্জ, টংগিবাড়ী থানা, মুন্সীগঞ্জ।
৫. প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব, ....., টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

  
১৬.০২.২৪  
উপজেলা নির্বাহী অফিসার  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।